



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 3rd Semester Supplementary Examination, 2021

BNGACOR05T-BENGALI (CC5)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাঞ্জিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

১০ × ৪ = ৪০

একক - ১

- (ক) উদাহরণ সহযোগে অনুপ্রাস অলংকারের বিভাগগুলি উল্লেখ করো। ১০

অথবা

- (খ) যে-কোনো দুটি অলংকারের সংজ্ঞা উদাহরণ সহযোগে বোঝাওঃ
যমক, পরম্পরিত রূপক, অপহুতি, সন্দেহ, ব্যাজস্ততি ৫ × ২ = ১০

একক - ২

- (গ) বিশ্লেষণসহ অলংকার নির্ণয় করোঃ (যে-কোনো দুটি) ৫ × ২ = ১০

(অ) এনেছে তোমার স্বামী বান্ধি নিজগুণে।

(আ) এ পুরীর পথ মাঝে যত আছে শিলা
কঠিন শ্যামার মতো কেহ নাই আর।

(ই) মাটিতে যাদের ঠেকে না চরণ
মাটির মালিক তারাই হন।

(ঈ) অশান্ত আকাঙ্ক্ষা পাখি
মরিতেছে মাথা খুঁড়ে পঞ্জরে পিঞ্জরে।

একক - ৩

- (ঘ) বাংলা দলবৃত্ত ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

অথবা

- (ঙ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ (যে-কোনো দুটি) ৫ × ২ = ১০
দল, যতি, পর্ব, পঙ্ক্তি, চরণ

একক - ৪

(চ) ছন্দোলিপি প্রণয়ন করোঃ (যে-কোনো দুটি)

৫×২ = ১০

(অ) গগনে অবঘন মেহ দারুণ
সঘনে দামিনী চমকই
কুলিশ পাতন শব্দ বানবান
পবন খরতর বলগই

(আ) পঞ্চশরে দণ্ড করে করেছ একী সন্ন্যাসী
বিশ্বময় দিয়েছ তারে ছড়ায়ে।
ব্যাকুলতর বেদনা তার বাতাসে ওঠে নিশ্বাসি
অক্ষ তার আকাশে পড়ে গড়ায়ে।

(ই) যার ভয়ে তুমি ভীত সে অন্যায় ভীরা তোমা চেয়ে
যখনি জাগিবে তুমি তখনি সে পলাইবে ধৈয়ে।

(ঈ) ভাই আমাকে বকুক বকুক
দিক্ গে যতই খোঁটা
যমের দুয়ারে কাঁটা দিচ্ছি
ভাইয়ের কপালে ফোঁটা।

২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে)

৫×২ = ১০

(ক) বক্রোক্তি কাকে বলে? উদাহরণ সহযোগে এই অলংকারের বিভাগগুলি আলোচনা করো।

(খ) এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ।
মরণে তাহাই তুমি করে গেলে দান।

– এটি কোন্ শ্রেণির অলংকারের দৃষ্টান্ত বুঝিয়ে দাও।

(গ) মুক্তক ও গদ্যছন্দের পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) নিশার স্বপনসম তোর এ বারতা
রে দূত! অমরবন্দ যার ভুজবলে
কাতর, সে ধনুর্ধরে রাঘব ভিখারী
বধিল সম্মুখ রণে? ফুলদল দিয়া
কাটিলা কি বিধাতা শাল্মলী তরুবরে?

– ছন্দোলিপি নির্ণয় করো।

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—